

## বঙ্গবাসী কলেজ

নির্বাচনী পরীক্ষা-২০১৬

বি.এ. (দ্বিতীয় বর্ষ), বাংলা অনার্স  
(তৃতীয় ও চতুর্থ সংযুক্তপত্র)

প্রতি বিভাগ থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও। হ-বিভাগের প্রশ্নের মান ১০; এছাড়া অন্য বিভাগের প্রতিটি প্রশ্নের মান ১৫।

উত্তর লেখার সময় উত্তর দেবার পদ্ধতি বাছনীর  
(১+১+১ পদ্ধতি অনুসারে)

[উত্তরের পদ সংখ্যা নতুন সিলেবাস অনুসারে মান্য করতে হবে]

পূর্ণমান-১০০, সময়-৪ ঘণ্টা

### ক-বিভাগ

- ১। (ক). ঐতিহাসিক উপন্যাসের সংজ্ঞা দাও। যে-কোনো একটি ঐতিহাসিক উপন্যাস বিশ্লেষণ করো। (৩+১২)  
(খ). যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : (৭১/২+৭১/২)  
রাজনৈতিক উপন্যাস; মনস্তাত্ত্বিক উপন্যাস; চেতনাপ্রবাহরীতির উপন্যাস; ছোটগল্প।  
(গ). ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। এই বৈশিষ্ট্যের আলোকে একটি বাংলা ট্রাজেডি নাটক বিশ্লেষণ করো। ২+৫+৮  
(ঘ). যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : (৭১/২+৭১/২)  
রূপক ও সাংকেতিক নাটক; প্রহসন; থার্ড থিয়েটার; সামাজিক নাটক।  
(ঙ). যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো : (৭১/২+৭১/২)  
নাট্য নিয়ন্ত্রণ বিল; বেঙ্গলি থিয়েটার; শ্যামবাজার থিয়েটার; জোড়াসাঁকো নাট্যশালা।

### খ-বিভাগ

- ২। (ক). 'চন্দ্রশেখর' উপন্যাসের উপক্রমণিকা অংশের সার্থকতা বিচার করো।  
(খ). 'চন্দ্রশেখর' উপন্যাসে অতিপ্রাকৃতের প্রয়োগ, চরিত্র ও ঘটনাবলীর তাৎপর্য উদ্ঘাটনে কতটা সহায়ক হয়েছে তা আলোচনা করো।  
(গ). 'শ্রীকান্ত' (১ম পর্ব) কী ধরনের উপন্যাস? যুক্তিসহ তোমার মতামত উপস্থাপিত করো।  
(ঘ). অমদ্যসিদ্ধি চরিত্রটি কোনো ব্যক্তি চরিত্রের উদাহরণ নয়, সনাতন ভারতবর্ষের পতিব্রতা এবং স্নেহময়ী নারী সত্তার প্রতিনিধি। —  
উক্তিটির আলোকে চরিত্রটি ব্যাখ্যা করো।

### গ-বিভাগ

- ৩। (ক). 'শেষের কবিতা' উপন্যাসটিকে কাব্যপ্রধান উপন্যাস বলা যায় কিনা বিচার করো।  
(খ). 'শেষের কবিতা' উপন্যাসের লাবণ্য-চরিত্রটি বিশ্লেষণ করো।

### ঘ-বিভাগ

- ৪। (ক). আঞ্চলিক উপন্যাস হিসাবে 'হাঁসুলিবাঁকের উপকথা' উপন্যাসের সার্থকতা বিচার করো।  
(খ). নবীন এবং প্রবীণের দ্বন্দ্ব 'হাঁসুলিবাঁকের উপকথা' উপন্যাসটির কেন্দ্রীয় বিষয়। — আলোচনা করো।

মামনকরুণায়

### ঙ-বিভাগ

- ৫। (ক). রবীন্দ্রনাথের 'মুক্তধারা' নাটকের সার্থকতা নিরূপণ করো।  
(খ). 'অভিজিৎ হচ্ছে সেই মারনেওয়ালার ভিতরকার পীড়িত মানুষ।' — রবীন্দ্রনাথের এই উক্তিটির আলোকে অভিজিৎ চরিত্রটি বিশ্লেষণ করো।

### চ-বিভাগ

- ৬। (ক). উৎপল দত্তের 'টিনের তলোয়ার' নাটকে প্রিয়নাথ মল্লিক-চরিত্রটি কতটা অপরিহার্য তা আলোচনা করে বোঝাও।  
(খ). সময় ও সমাজের প্রেক্ষাপটে উৎপল দত্তের 'টিনের তলোয়ার' নাটকটির রচনা কতখানি সার্থক— বিচার করো।

### ছ-বিভাগ

- ৭। (ক). 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে সংলাপ প্রয়োগের সার্থকতা বিচার করো অথবা উক্ত নাটকটি প্রহসন হিসাবে কতখানি সার্থক তা বিশ্লেষণ করো।  
(খ). 'বুড় সালিকের ঘাড়ে রৌ' প্রহসনে ভক্তপ্রসাদের চরিত্রটি কতখানি সার্থক হয়ে উঠেছে— আলোচনা করো অথবা উক্ত নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।